

২  
সি.এম.

## কারিগরি শিক্ষা বোর্ডের ৭ সহস্রাধিক শিক্ষক-কর্মচারীর বেতন নেই ৪ বছর

॥ পটুয়াখালী সংবাদদাতা ॥

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় বেসরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৭ সহস্রাধিক শিক্ষক-কর্মচারী চাকরি করে চলেছেন গত ৪ বছর ধরে। কিন্তু তারা পায়ছেন না কোন বেতন-ভাতা। শুক্রবার পটুয়াখালী প্রেসক্লাবে নন-এমপিওভুক্ত বেসরকারি ভোকেশনাল শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে পরিষদের আহ্বায়ক মোঃ কামাল হোসেন স্বাক্ষরিত লিখিত বক্তব্যে বলা হয়, দেশে দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে ১৯৯৫ সালে সরকার বৃত্তিমূলক শিক্ষা প্রসারে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে এস.এস.সি (ভোকেশনাল) প্রকল্প চালু করে। ২০০১ সালে

প্রতিটি উপজেলা পর্যায়ে বেসরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে পূর্তসাপেক্ষে এ কোর্স চালুর সরকারি ঘোষণা দেয়া হয়। ২০০৩ সালের ডিসেম্বর থেকে এ পর্যন্ত প্রায় ১১শ' মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভোকেশনাল কোর্স চালু করা হয়। প্রত্যেক বিদ্যালয়ে প্রতিটি ট্রেডে নিয়োগ দেয়া হয় ২ জন শিক্ষক ও ১ জন কর্মচারী। বর্তমানে এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৭ সহস্রাধিক শিক্ষক ও কর্মচারী রয়েছেন। তারা বিদ্যালয়ে নিয়মিত পাঠদান করলেও কোন বেতন-ভাতা পায়ছেন না। ইতিমধ্যে তাদের অধিকাংশের সরকারি চাকরির বয়সসীমা ছাড়িয়ে গেছে। এমতাবস্থায় ঐ সকল শিক্ষক-কর্মচারী রাত্রে পতি ও প্রধান উপদেষ্টার নিকট তাদের সমস্যা নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আবেদন জানিয়েছেন।